গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর পরিদর্শন পরিদপ্তর,
ভূঁইয়া ম্যানশন (৭ম ও ৮ম তলা),
৭৪, কাকরাইল, ঢাকা।
www.taxesinspection.gov.bd

নথি নং- ১ই(৬) ডি,আই,টি/২০১৫-২০১৬/১৭৫ **তারিখঃ ০৩-০৮-২০১৬ইং**

নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের, অধিশাখা- ০২ (কর) এর পত্র নং- ০৮.০০.০০০০.০৩৭.১১.০২১.১১(অংশ-১).৭২৯, তাং- ১৪/১২/২০১৫ খ্রিঃ অনুযায়ী শূন্য পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদানের প্রেক্ষিতে কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা- ১০০০ এর অধীনে নিম্নবর্ণিত শূণ্য পদসমূহে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের নিম্নোক্ত জেলাসমূহের স্থায়ী বাসিন্দা/ নাগরিকগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ছকে স্ব-হস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	শুন্য পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল/ ২০১৫ অনুযায়ী বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার বাসিন্দা/ নাগরিকগণ আবেদন করতে পারবেন
০১।	সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর (গ্রেড- ১৩)	০১ (এক) টি	১১০০০-২৬৫৯০/= জাতীয় বেতন স্কেল/ ২০১৫	স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সাঁটলিপি লিখনে গতি প্রতি মিনিটে বাংলায় ৫০ ও ইংরেজীতে ৮০ শব্দ এবং কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজীতে ৩০ শব্দ। কম্পিউটার চালানোয় দক্ষতা থাকতে হবে।	ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, টাঙ্গাইল, গোপালগঞ্জ, মাদারীপুর, জামালপুর, নেত্রকোনা, চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান, ফেনী, সিলেট, হবিগঞ্জ, মৌলভী বাজার, সুনামগঞ্জ, বগুড়া, জয়পুহাট, রাজশাহী, নবাবগঞ্জ, নাটোর, রংপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, নিলফামারী, কুড়িগ্রাম, গাইবান্ধা, লালমনিরহাট, সাতক্ষীরা, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, ভোলা, বরগুনা জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং এতিম খানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল বাংলাদেশী নাগরিকগণ আবেদন করতে পারবেন।
০২।	উচ্চমান সহকারী (গ্রেড- ১৪)	০১ (এক) টি	১০২০০-২৪৬৮০/= জাতীয় বেতন স্কেল/ ২০১৫	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	
০৩।	সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড- ১৪)	০৮(আট) টি	১০২০০-২৪৬৮০/= জাতীয় বেতন স্কেল/ ২০১৫	স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সাঁটলিপি লিখনে গতি প্রতি মিনিটে বাংলায় ৪৫ ও ইংরেজীতে ৭০ শব্দ এবং কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজীতে ৩০ শব্দ। কম্পিউটার চালানোয় দক্ষতা থাকতে হবে।	
০৪।	ডাটা এন্ট্রি অপারেটর/ অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড- ১৬)	০২ (দুই টি	৯৩০০-২২৪৯০/= জাতীয় বেতন স্কেল/ ২০১৫	স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজীতে ২০ শব্দ। কম্পিউটার চালানোয় দক্ষতা থাকতে হবে।	
০৫।	গাড়ী চালক (গ্রেড- ১৬)	০১ (এক) টি	৯৩০০-২২৪৯০/= জাতীয় বেতন স্কেল/ ২০১৫	অষ্টম শ্রেণি পাশ এবং হালকা ও ভারী যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	
০৬।	অফিস সহায়ক (গ্রেড- ২০)	০৩ (তিন) টি	৮২৫০-২০০১০/= জাতীয় বেতন স্কেল/ ২০১৫	অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় পাস।	ঢাকা, মানিকগঞ্জ, ফরিদপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, গোপালগঞ্জ, রাজবাড়ী, শরিয়তপুর, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, লক্ষীপুর, ফেনী, সিলেট, মৌলভী বাজার, সুনামগঞ্জ, জয়পুহাট, রাজশাহী, নবাবগঞ্জ, নওগাঁ, নাটোর, রংপুর, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, নিলফামারী, লালমনিরহাট, সাতক্ষীরা, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, মাগুরা, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং এতিম খানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল বাংলাদেশী নাগরিকগণ আবেদন করতে পারবেন।

আবেদনপত্র দাখিলের শর্তাবলীঃ

১। আবেদনকারীকে নিম্নবর্ণিত ফরমে অবশ্যই স্ব-হস্তে যথাযথ ভাবে পূরণপূর্বক জমা প্রদান করতে হবে।

চাকরির আবেদন ফরম

৫×৫ সে: মি: ছবি (সম্প্রতি তোলা ০৩ কপি)

বরাবর,
মহাপরিচালক
কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা।

১.	পদের নাম:										
২.	বিজ্ঞপ্তির নম্বর:	তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র	
৩.	প্রার্থীর নাম:	বাংলায়:									
		ইংরেজীতে (বড় অক্ষরে):									
৪.	জাতীয় পরিচয় নম্বর:										(যে কোন একটি)
	জন্ম নিবন্ধন নম্বর:										
৫.	জন্ম তারিখ:		৬. জন্ম স্থান (জেলা):								
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স:	বয়স	মাস	দিন							
৮.	মাতার নাম:										
৯.	পিতার নাম:										
১০.	ঠিকানা:	বর্তমান	স্থায়ী								
	বাসা ও সড়ক (নাম/ নম্বর):										
	গ্রাম/ পাড়া/ মহল্লা:										
	ইউনিয়ন/ ওয়ার্ড:										
	ডাকঘর:										
	পোস্টাল কোড:										
	উপজেলা:										
	জেলা:										
১১.	যোগাযোগ:	মোবাইল নম্বর:	ই-মেইল (যদি থাকে)								
১২.	জাতীয়তা:	১৩.	জেন্ডার:								
১৪.	ধর্ম:	১৫.	পেশা:								

	শিক্ষাগত যোগ্যতা:					
১৬.	পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/ বিশ্ববিদ্যালয়	গ্রেড/ শ্রেণি/ বিভাগ

১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):										
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):										
১৯.	কোটা (টিক দিন)	মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/ পুত্র- কন্যার পুত্র-কন্যা	এতিম/ শারীরিক প্রতিবন্ধী								
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন)							
২০.	চালান/ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার নম্বর	তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র	
	ব্যাংক ও শাখার নাম:										
২১.	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন):	হ্যাঁ	না	প্রযোজ্য নয়							

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র

প্রার্থীর স্বাক্ষর

প্রয়োজনে অত্র পরিদপ্তরের ওয়েবসাইট (www.taxesinspection.gov.bd) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd/uploads/2015archive/forms/admin1-2015-01.PDF) থেকে ফরমটি ডাউনলোড করা যাবে।

২। উল্লিখিত ছকে আবেদনপত্র আগামী ০৬/০৯/২০১৬ইং তারিখে বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর, ভূঁইয়া ম্যানশন (৭ম ও ৮ম তলা), ৭৪, কাকরাইল, ঢাকা- ১০০০ এর বরাবর অবশ্যই পৌঁছাতে হবে।

৩। আবেদকারীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) খামের উপর লিপিবদ্ধ করে অব্যবহৃত ১০ (দশ) টাকার ডাক টিকেট যুক্ত ১০" ×৪.৫" মাপের একটি খাম সংযুক্ত করতে হবে।

৪। সকল পদের ক্ষেত্রেই আবেদনকারীর বয়স ০১/০৮/২০১৬ইং তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। এতিম ও প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর অথবা মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র- কন্যার ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৫। মুক্তিযোদ্ধা, মহিলা, এতিমখানা ও শারীরিক প্রতিবন্ধী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, ক্ষুদ্র-নৃগোষ্ঠী প্রার্থীদের কোটা ও বয়স সরকারী নীতিমালা অনুযায়ী সংক্ষণ করা হবে। এ সকল প্রার্থীকে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী কর্তৃপক্ষের সার্টিফিকেটসহ আবেদনপত্র দাখিল করতে হবে।

৬। প্রার্থী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। সকল ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সনদপত্রের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/ওয়ার্ড কাউন্সিলর/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৭। সরকারি/ আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত/ সংস্থায় কর্মরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৮। আবেদন পত্রের সাথে উপ-মহাপরিচালক (প্রশাসন), কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা বরাবর কোড নং- ১-১১৪৫-০০০১-২০৩১ তে ক্রমিক নং ০১ হতে ০৫ পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক নং ০৬ পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) ট্রেজারী চালানের মাধ্যমে জমাদান পূর্বক মূল কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, পে-অর্ডার বা অন্য কোন ভাবে জমাকৃত টাকায় স্লিপ গ্রহণ যোগ্য হবে না।

৯। নিয়োগের ক্ষেত্রে সরকারী সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

১০। আবেদনপত্রের খামের উপরের অংশে আবেদনকৃত পদের নাম, নিজ জেলার নাম এবং কোন বিশেষ কোটায় আবেদন করলে কোটার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

১১। প্রার্থীগণকে লিখিত/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এর জন্য কোনরূপ টিএ/ডিএ প্রধান করা হবে না। পরীক্ষার স্থান, তারিখ ও সময় আবদেনকারীর প্রদত্ত যোগাযোগের ঠিকানায় যথাসময়ে জানানো হবে।

১২। ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদন পত্র যাচাইয়ের পর যাদের আবেদনপত্র সঠিক বলে গৃহীত হবে শুধুমাত্র তাদেরকে নির্বাচনী পরীক্ষায় ডাকা হবে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শুন্য পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি হতে পারে। এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

১৩। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলেও সংশ্লিষ্ট প্রার্থীকে নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(আব্দুল্লাহ্ আল মামুন)
উপ-মহাপরিচালক (প্রশাসন)
কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা।
ও
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা।